যুগান্তর

তারিখ ... 04 AUG 2016 ...
পৃষ্ঠা ... ৭-৮ ... কলাম ... ৭ ...

# শ্রেণীকক্ষে দরজা বন্ধ করে ২৫ শিক্ষার্থীকে বেত্রাঘাত

**গোয়াইনঘাট প্রতিনিধি**

'স্কুল ড্রেস পরে না আসায়' গোয়াইনঘাটে একটি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকার বেত্রাঘাতে ২৫ শিক্ষার্থী আহত হয়েছে। আহত শিক্ষার্থীদের হাসপাতালে চিকিৎসা দেয়া হয়েছে। এ ঘটনায় শিক্ষার্থী ও অভিভাবকরা উপজেলা শিক্ষা অফিস ঘেরাও করে ওই শিক্ষিকার বিচার দাবি করেছেন। ইউএনও তাৎক্ষণিকভাবে ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন। এ ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

বুধবার গোয়াইনঘাটের উপর গ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২য় সাময়িক পরীক্ষা হওয়ার কথা ছিল। সকাল ১০টায় শিক্ষিকা আমেনা বেগম বিভিন্ন শ্রেণীর অন্তত ২৫ জন শিক্ষার্থীকে একটি কক্ষের ভেতরে নিয়ে দরজা বন্ধ করে বেধড়ক পেটাতে থাকেন। এতে তারা গুরুতর আহত হয়। চতুর্থ শ্রেণীর শিক্ষার্থী লিপি, তাহমিনা, ২য় শ্রেণীর মেহেদী হাসান সৌরভ, সুমাইয়া, কবির আহমদ জানায়, ৪/৫টি বাঁশের কঞ্চি একত্র করে বেদম পেটাতে থাকেন শিক্ষিকা। শিক্ষার্থীরা কক্ষের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে ছোটাছুটি করেও তার হাত থেকে রক্ষা পায়নি। কয়েকজন শিক্ষার্থী পিটুনিতে বেহুঁশ হয়ে মাটিতে লুটিয়ে পড়ে। স্কুলে আর্তচিৎকার শুনে আশপাশের লোকজন এসে শিক্ষার্থীদের উদ্ধার করেন। এ ঘটনায় আহতের মধ্যে রয়েছে— তাহমিনা, কবির আহমদ, নাজির আহমদ, শাহিনুর, দেলোয়ার, লিপি, শান্তনা, সুহাদা, সুমাইয়া, জাহিদ, রাকিবুল, তামিম, মা-মণি, তাসলিমা, সামছুল, তানিয়া। তাদের গোয়াইনঘাট হাসপাতালে চিকিৎসা দেয়া হয়েছে। পরে আর পরীক্ষা হয়নি। আহতরা জানায়, স্কুল ড্রেস পরে না আসায় তাদের ওপর এ পাশবিক নির্যাতন চালান শিক্ষিকা। জালিম শিক্ষিকার হাত থেকে তাদের রক্ষার দাবি জানিয়েছে ভুক্তভোগী ছাত্রছাত্রীরা।